# বাংলাদেশ সুপ্রীম কোর্ট
## ঢাকা।

www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-৬৫৪ -এ, তারিখঃ ৪ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ১৯ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** **<u>জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন ২০১৯ অনুষ্ঠান সংক্রান্ত।</u>**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ০৭ ডিসেম্বর ২০১৯ খ্রি. রোজ শনিবার ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন ২০১৯ অনুষ্ঠিত হবে।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা** সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। এছাড়া, সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের **মাননীয় মন্ত্রী জনাব আনিসুল হক,** এম.পি. বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

৩। উক্ত সম্মেলনে বাংলাদেশের **প্রধান বিচারপতি মাননীয় বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন** সভাপতিত্ব করবেন।

৪। উক্ত সম্মেলনে অতিথি হিসেবে সরকারের একাধিক **মাননীয় মন্ত্রী** এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের **উভয় বিভাগের মাননীয় বিচারপতি মহোদয়গণ** উপস্থিত থাকবেন।

৫। দেশের সকল বিচার বিভাগীয় কর্মকর্তাদের (চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কর্তৃক মনোনীত একজন করে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-কে দায়িত্ব প্রদান করতঃ কর্মস্থলে অবস্থানের নির্দেশনা প্রদানক্রমে) উক্ত সম্মেলনে উপস্থিত থাকার জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয় সদয় অভিপ্রায় ব্যক্ত করেছেন।

৬। সম্মেলনে অংশগ্রহণকারী প্রত্যেক বিচার বিভাগীয় কর্মকর্তাকে স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ (জেলা জজ/মহানগর দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট) কর্তৃক এতদ্‌সংক্রান্তে ইস্যুকৃত অফিস আদেশ এবং জেলা জজ/মহানগর দায়রা জজ/সমপর্যায়ের বিচার বিভাগীয় কর্মকর্তাগণ-কে অত্র বিজ্ঞপ্তির কপিসহ সম্মেলনে উপস্থিত থাকতে হবে।

৭। "জাতীয় বিচার বিভাগীয় সম্মেলন ২০১৯" সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রত্যেক বিচার বিভাগীয় কর্মকর্তাকে অবশ্যই সকাল ৮.০০ ঘটিকার মধ্যে সম্মেলনস্থলে উপস্থিত থাকতে হবে।

৮। সম্মেলন কেন্দ্রে প্রবেশকালে ব্যাগ, ব্রিফকেস, ক্যামেরা, মোবাইল ফোন বা অন্য কোন ইলেক্ট্রনিক যন্ত্রপাতি বহন করা যাবে না।

১৯.১১.২০১৯

(মোঃ আলী আকবর)
রেজিস্ট্রার জেনারেল
ফোনঃ ৯৫৬১৯৫২
E-mail: rg@supremecourt.gov.bd

**<u>কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ</u>**

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আইন ও বিচার বিভাগে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
২. জেলা ও দায়রা জজ...............................................(সকল), (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহানগর দায়রা জজ...............................................(সকল), (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
৪. যুগ্ম-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
৫. মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
৬. যুগ্ম-সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
৭. সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
৮. সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল...............................................(সকল), (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
৯. বিচারক (জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
১০. মহা-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বাংলাদেশ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১১. চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য়, কোর্ট অব সেটেলমেন্ট, সেগুনবাগিচা, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।

১২. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
১৩. সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
১৪. রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
১৫. পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
১৬. সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা (আপনার অধীনস্থ সকল বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
১৭. মহা-পরিদর্শক, নিবন্ধন পরিদপ্তর, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
১৮. বিভাগীয় বিশেষ জজ..........................................(সকল)।
১৯. বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল..........................................(সকল)।
২০. বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল..........................................(সকল)।
২১. বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল..........................................(সকল)।
২২. সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ৪৩ আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা।
২৩. চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত..........................................(সকল)।
২৪. স্পেশাল জজ (জেলা জজ)..........................................(সকল)।
২৫. সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট অ্যাপীলেট ট্রাইব্যুনাল,..........................................(সকল)।
২৬. বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, মহানগর দায়রা জজ আদালত ভবন (৬ষ্ঠ তলা), ঢাকা।
২৭. চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, ২২/১, তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা।
২৮. বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, হাউজ বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ভবন (১০ম তলা), ২২, পুরানা পল্টন, ঢাকা।
২৯. বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল..........................................(সকল)।
৩০. সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
৩১. সদস্য (জেলা জজ), ট্যাক্সেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ঢাকা।
৩২. আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউজ, চট্টগ্রাম।
৩৩. উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩৪. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,..........................................(সকল) আপনার অধীনস্থ সকল (**একজন সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-কে দায়িত্ব প্রদান করতঃ কর্মস্থলে অবস্থানের নির্দেশনা প্রদানক্রমে**) বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
৩৫. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,..........................................(সকল) আপনার অধীনস্থ সকল ( **একজন মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট-কে দায়িত্ব প্রদান করতঃ কর্মস্থলে অবস্থানের নির্দেশনা প্রদানক্রমে**) বিচার বিভাগীয় কর্মকর্তার সম্মেলনে উপস্থিতি নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
৩৬. আইন কর্মকর্তা, আইন শাখা, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭. আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় (পিএসসি), আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৩৮. পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, গুলফেঁশা প্লাজা, ১২৮, শহীদ সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা।
৩৯. আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ফুলবাড়ীয়া, ঢাকা।
৪০. আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১. রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল, ১৪, আব্দুল গণি রোড, ঢাকা।
৪২. আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৫. অফিস কপি/গার্ড ফাইল।

স্মারক নং-**৯৯৮৭** -এ, তারিখঃ ৪ অগ্রহায়ণ ১৪২৬ বঙ্গাব্দ / ১৯ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ**

১. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, আইন কমিশন, ঢাকা।
৪. মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, সি.জি.এ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সি.জি.এ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৮. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.........................................., ঢাকা।
৯. রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মহা-পরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।

স্বাঃ/-
(কাজী আরাফাত উদ্দীন)
সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)